কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট

ঢাকা-১২১৫

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৪০ তম সভার কার্যবিবরণী

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৪০ তম সভা ০৬ মার্চ ২০২৫ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষ-১ এ অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেয়া হলো। সভার শুরুতে বিএআরসি'র নির্বাহী চেয়ারম্যান এবং কাউন্সিল নির্বাহী পরিষদের সভাপতি ড. নাজমুন নাহার করিম উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা জানান এবং সভাকে অবহিত করেন যে, সভার সদস্য সচিব ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এর পিতা অদ্য সকাল ৮ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন; তিনি তাঁর পিতার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। উল্লেখ্য, নির্বাহী পরিষদের সদস্য ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য পরিচালক (এনআরএম) এর অনুরোধে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে এ বিষয়ে বিএআরসির পেশ ইমাম এর উপস্থিতিতে নির্বাহী পরিষদের সভা শেষে একটি দোয়া অনুষ্ঠান পরিচালিত হয়। অতপর সভাপতি মহোদয় ৪০ তম সভার আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় ১। নির্বাহী পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণী পরিসমর্থন।
আলোচ্য বিষয় ২। নির্বাহী পরিষদের ৩৯ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
আলোচ্য বিষয় ৩। PARTNER প্রোগ্রামের আওতায় MoU সংক্রান্ত আলোচনা।
আলোচ্য বিষয় ৪। ২০২৫-২৬ অর্থবছরে ১০ (দশ) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য বিজ্ঞানী ও কর্মকর্তা মনোনয়ন।
আলোচ্য বিষয় ৫। ইনস্টিটিউট বহির্ভূত প্যানেল কর্তৃক তৈরিকৃত সুপারিশমালা উপস্থাপনা ও পর্যালোচনা।
আলোচ্য বিষয় ৬। বিএআরসি'র কর্মচারীদের জন্য ভাড়ার ভিত্তিতে সাময়িক আবাসিক জায়গা বরাদ্দ নীতিমালা অনুমোদন।
আলোচ্য বিষয় ৭। বিবিধ।

### আলোচ্য বিষয় ১: নির্বাহী পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণী পরিসমর্থন।

**১.১ উপস্থাপিত তথ্যঃ**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৩৯ তম সভা ১১ নভেম্বর ২০২৪ খ্রিঃ সকাল ১০.৩০ ঘটিকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষ-১ এ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীটি সম্মানিত সদস্যগণের সদয় পরিসমর্থনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

৩৯ তম সভার উল্লেখযোগ্য আলোচ্য বিষয় ছিল নিম্নরূপঃ

| ক্র নং | ৩৯ তম সভার আলোচ্য বিষয় |
|---|---|
| ১। | আলোচ্য বিষয় ৩:<br>ক)বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-২ এর সভার সুপারিশ অনুমোদন সংক্রান্ত।<br>খ)বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এর সভার সুপারিশ অনুমোদন সংক্রান্ত। |
| ২। | আলোচ্য বিষয় ৪:<br>বিএআরসি'র অডিটোরিয়াম, কনফারেন্স কক্ষ, ট্রেনিং কক্ষ ও কম্পিউটার ল্যাব বিভিন্ন প্রোগ্রামে ব্যবহারের জন্য ভাড়া নির্ধারণ ও সার্ভিস চার্জ বিষয়ে কমিটির সুপারিশ অনুমোদন। |
| ৩। | আলোচ্য বিষয় ৫:<br>জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (NARS) এ অর্ন্তভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণা পর্যালোচনা কর্মশালা ও পরিবীক্ষণ সংক্রান্ত। |
| ৪। | আলোচ্য বিষয় ৬। বিবিধ।<br>১) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি পুনর্গঠন প্রসংগে।<br>সভায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ পুনর্গঠনের বিষয়ে নিম্নরুপ সিদ্ধান্ত হয়ঃ |

| ক্র নং | নিয়োগ/পদোন্নতি কমিটি-৩:<br>কাউন্সিলের ১০ম থেকে ২০তম গ্রেডভুক্ত পদের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/পদোন্নতির জন্য নিম্নেবর্ণিত কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ গঠন করা হলোঃ | |
|---|---|---|
| (১) | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি | সভাপতি |
| (২) | জ্যেষ্ঠতম সিএসও, বিএআরসি | সদস্য |
| (৩) | উপ সচিব (গবেষণা-১), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | **উপ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়** | **সদস্য** |
| (৫) | সংশ্লিষ্ট শাখার প্রধান, বিএআরসি | সদস্য\ |
| (৬) | স্ব স্ব ক্ষেত্রে ১ জন বিশেষজ্ঞ | সদস্য |
| (৭) | পরিচালক (সাপোর্ট সার্ভিস), বিএআরসি | সদস্য-সচিব |

১.২ আলোচনাঃ

নির্বাহী পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণী সম্মানিত সদস্যগণকে প্রেরণ করা হয়েছিল। সভার সভাপতি, নির্বাহী পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণী পরিসমর্থনের জন্য সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় এ প্রসঙ্গে বলেন; গত সভার আলোচ্য বিষয় ৬। এর বিবিধে কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ পুনর্গঠনের সিদ্ধান্ত হয়। এ প্রেক্ষিতে নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১ জন প্রতিনিধি, সদস্য হিসেবে মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় নিম্নোক্ত তথ্যাদি প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করে;

(ক) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)-এর নির্বাহী পরিষদের ৩৯ তম সভায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নিয়োগ/পদোন্নতি কমিটি ১, ২ ও ৩ পুনর্গঠন করা হয়। সেখানে কেবল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তির কারণ; এবং

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭/০২/২০২৪ তারিখের ২৬, ২৭ ও ২৮ নম্বর স্মারকের পত্রে স্বায়ত্বশাসিত সংস্থার কেবল ৪র্থ , ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের কর্মচারি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড এর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি রাখার বাধ্যবাধকতা রাখা হলেও সংস্থার ১০ম হতে ২০তম গ্রেড সংশ্লিষ্ট 'নিয়োগ ও পদোন্নতি কমিটি-৩' এ জনপ্রশাসনের প্রতিনিধি অন্তর্ভুক্তির প্রস্তাবের কারণ।

কৃষি মন্ত্রণালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে, বিএআরসি'র জবাবে বলা হয়েছে; বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ২০১২ এর ধারা ৩ এর (২) এ উল্লেখ আছে কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ২৬, ২৭ ও ২৮ নং স্মারকের পরিপত্রসমূহ শুধুমাত্র মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর ও স্বশাসিত সংস্থার ৪, ৫, ৬, ৭-৯, ১০-১২ ও ১১-২০ গ্রেডের পদের নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য। বিএআরসি সরকারি বা স্বশাসিত প্রতিষ্ঠান নয়, এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা বিধায় পরিপত্রটি বিএআরসি'র জন্য প্রযোজ্য নয় এবং পত্রে আরোও বলা হয়েছে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী পরিষদের ৩৯ তম সভায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নিয়োগ/পদোন্নতি কমিটি ১, ২ ও ৩ পুনর্গঠন করা হয়। শুধুমাত্র নিয়োগ/পদোন্নতি কমিটি- ৩ এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হয়। ১০ থেকে ২০ গ্রেডের কর্মচারীদের জন্য কোটা সংরক্ষণ বিষয়ক বিধানসমূহ দক্ষভাবে সম্পন্ন করার জন্যই শুধুমাত্র নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এ জনপ্রশাসনের মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তির জন্য অনুরোধ করা হয়েছিল। বিএআরসি'র পরবর্তী নির্বাহী পরিষদের সভায় বর্ণিত প্রস্তাবটি প্রত্যাহার করা হবে।

এমতাবস্থায়, সভার সভাপতি ও নির্বাহী চেয়ারম্যান মহোদয় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ পুনর্গঠনের প্রস্তাবটি প্রত্যাহার এবং ৩৯ তম সভার কার্যবিবরণীর বাকী অংশ পরিসমর্থনের প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

এ বিষয়ে আলোচনা শেষে ৩৯ তম সভার কার্যবিবরণী পরিসমর্থন করা যায় মর্মে কমিটি একমত পোষণ করেন।

১.৩ সিদ্ধান্তঃ

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এ উপ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, সদস্য পদটি বাদ দিয়ে নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ পুনর্গঠন করা হলো এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণীর বাকী অংশ সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হলো।**

**আলোচ্য বিষয় ২: নির্বাহী পরিষদের ৩৯ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।**

২.১ উপস্থাপিত তথ্যঃ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৩৯ তম সভা গত ১১ নভেম্বর ২০২৪ খ্রিঃ সকাল ১০.৩০ ঘটিকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষ-১ এ অনুষ্ঠিত হয়।

| ক্র নং | ৩৯ তম সভার আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | আলোচ্য বিষয় ৩:<br>ক) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-২ এর সভার সুপারিশ অনুমোদন সংক্রান্ত।<br><br>খ) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এর সভার সুপারিশ অনুমোদন সংক্রান্ত। | ক) নিয়োগ/পদোন্নতি কমিটি-২ এর সভায় প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এর ৪ টি শূন্য পদে ৪ জনকে এবং ৬ষ্ঠ গ্রেডভুক্ত সিনিয়র সায়েন্টিফিক অফিসার (পুষ্টি) এর ১ টি শূন্য পদে ১ জনকে নিয়োগের সুপারিশসমূহ ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত হয়।<br>খ) কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এর সভায় বিভিন্ন পদের লিখিত পরীক্ষার মানবন্টন বিষয়ে সিদ্ধান্ত হয়। | ক) সিদ্ধান্ত অনুযায়ী ৪ জন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার নিয়োগ কার্যকর করা হয়েছে এবং ৬ষ্ঠ গ্রেডভুক্ত সিনিয়র সায়েন্টিফিক অফিসার (পুষ্টি) পদে ১ জন যোগদান করেননি।<br>খ) সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী নিয়োগ পরীক্ষায় মানবন্টন কার্যকর করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২। | আলোচ্য বিষয় ৪:<br>বিএআরসি'রঅডিটোরিয়াম, কনফারেন্স কক্ষ, ট্রেনিং কক্ষ ও কম্পিউটার ল্যাব বিভিন্ন প্রোগ্রামে ব্যবহারের জন্য ভাড়া নির্ধারণ ও সার্ভিস চার্জ বিষয়ে কমিটির সুপারিশ অনুমোদন। | বিএআরসি'র অডিটোরিয়াম, কনফারেন্স কক্ষ, ট্রেনিং কক্ষ ও কম্পিউটার ল্যাব বিভিন্ন প্রোগ্রামে ব্যবহারের জন্য ভাড়া ও সার্ভিস চার্জ বিষয়ে নির্বাহী পরিষদের সভায় অনুমোদন করা হয়। | সিদ্ধান্ত অনুযায়ী ভাড়া নির্ধারণ ও সার্ভিস চার্জ বিষয়ে অফিস আদেশ জারী করা হয়েছে। |
| ৩। | আলোচ্য বিষয় ৫:<br>জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (NARS) এ অর্ন্তভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষণা পর্যালোচনা কর্মশালা ও পরিবীক্ষণ সংক্রান্ত। | ১) ইনস্টিটিউটসমূহের সাথে আলোচনার মাধ্যমে রিভিউ কর্মশালার সময় নির্ধারণ এবং নতুন ফরমেট তৈরি করা যেতে পারে।<br>২) পাট গবেষণা ইনস্টিটিউট এর দুইটি উইং (১) কারিগরি উইং (২) জুট টেক্সটাইল উইং কে কাউন্সিল এর পরবর্তী রিভিউ কর্মশালায় আমন্ত্রণ জানানো হবে। | সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম চলমান। |

**২.২ আলোচনাঃ**

গত ১১ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নির্বাহী পরিষদের ৩৯ তম সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে আলোচনা হয় ও সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্য বিষয় ৩। PARTNER প্রোগ্রামের আওতায় MoU সংক্রান্ত আলোচনা।**

**৩.১ উপস্থাপিত তথ্যঃ**

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন "Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER)" শীর্ষক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

বিশ্বব্যাংক এর ৫০০ মিলিয়ন মার্কিন ডলার এবং আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) এর ৪৩ মিলিয়ন মার্কিন ডলারসহ মোট ৫৪৩ মিলিয়ন মার্কিন ডলার অর্থায়নে এই প্রোগ্রামটি বাংলাদেশ সরকারের জাতীয় অর্থনৈতিক পরিষদের (ECNEC) নির্বাহী কমিটি দ্বারা ১৮ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখে অনুমোদন লাভ করে। জুলাই ২০২৩ থেকে জুন ২০২৮ পর্যন্ত পাঁচ বছর মেয়াদে প্রোগ্রামটি বাস্তবায়িত হবে। উক্ত প্রোগ্রামটি বিশ্বব্যাংক এর P for R (program for results) নতুন Disbursement modality পদ্ধতিতে কাজ করছে, যার আর্থিক বরাদ্দ ফলাফলের অর্জনের সাথে সম্পর্কযুক্ত। প্রোগ্রামটি ১০টি বিতরণ-লিঙ্কড ইন্ডিকেটর (DLIs) এর ভিত্তিতে কাজ করার জন্য সেট করা হয়েছে। সাতটি মূল বাস্তবায়কারী সংস্থা (যেমন: ডিএই, ডিএএম, বিএডিসি, বিএমডিএ, বিএআরসি, বারি এবং ব্রি) ও আটটি Strategic partner (যেমন: বিনা, বিডব্লিউএমআরআই, বিএসআরআই, বিজেআরআই, এসআরডিআই, সিডিবি, BIRTAN এবং HORTEX) এর মাধ্যমে উক্ত প্রোগ্রামটি বাস্তবায়নে জড়িত।

এই প্রোগ্রামের DLI8 (R&D activities for new technologies and innovations along with development of an operational evaluation system for National Agricultural Research System (NARS) institutes and extension services) অংশটিতে বিএআরসি লিড এজেন্সি। এর লক্ষ্য হল জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত (NARS) প্রতিষ্ঠানসমূহের কার্যকরী মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রমসহ নতুন প্রযুক্তি উদ্ভাবনের জন্য R&D কার্যক্রম উন্নয়ন ও সমৃদ্ধ করা। DLI 8 এর অধীনে দুটি Result based কার্যক্রম (১) DLR 8.1 (Increase in R&D budget for NARS institutes (USD 50 million)) এবং (২) DLR 8.2 (25 MoUs/agreements with global agricultural research institutions, laboratories, universities, public agencies and scaling up of NARS research outcomes with MoA agencies and Private Sector) রয়েছে।

এই প্রোগ্রামের DLR 8.2 এর আওতায় নার্সভুক্ত প্রতিষ্ঠানসমূহের সঙ্গে আন্তর্জাতিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান/ল্যাব, বিশ্ববিদ্যালয়, পাবলিক এজেন্সি এবং বেসরকারি সংস্থার সাথে বছরপ্রতি ৫টি, সর্বমোট ২৫ টি MoUs/Agreement স্বাক্ষরের বাধ্যবাধকতা রয়েছে। গত ২০২৩-২৪ অর্থ বছরে অর্জিত ফলাফল হিসেবে নার্সভূক্ত প্রতিষ্ঠান কর্তৃক স্বাক্ষরিত ৫টি MoUs/Agreement IVA (Independent Verification Agency) এর অনুমোদন সাপেক্ষে বিশ্বব্যাংকের নিকট হস্তান্তর করেছে। উল্লেখ্য যে, PARTNER প্রোগ্রামের সকল Disbursement Link Result সরকার অনুমোদিত IVA কর্তৃক মূল্যায়ন করা হয়।

**৩.২ আলোচনাঃ**

ড. মোঃ আশরাফুল আলম, এপিডি (পার্টনার প্রকল্প), বিএআরসি সভায় DLR 8.2 অঙ্গের হালনাগাদ অগ্রগতি সদয় অবগতি ও MoUs/Agreement করার বাকী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সম্মানিত ইসি সদস্যগণের পরামর্শ/মতামত প্রাপ্তির লক্ষ্যে একটি উপস্থাপনা পেশ করেন।

উপস্থাপনা শেষে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত হয়।

৩.৩ সিদ্ধান্তঃ

১। PARTNER প্রোগ্রামের DLI 8 এর অধীনে DLR 8.1 ও 8.2 এর বাস্তবায়ন সরাসরি এনএআরএস প্রতিষ্ঠানেসমূহের সাথে সম্পর্কিত হওয়ায় ডিপিপি রিভিশনের সময় স্ট্র্যাটেজিক পার্টনারসমূহকে (বিআইএনএ, বিজেআরআই, বিএসআরআই, সিডিপি, এসআরডিআই, বিডাব্লিউএমআরআই) পিসিইউ এর অধীনে না রেখে বিএআরসি'র অধীনে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বিএআরসি।

২। ডিপিপি রিভিশনের সময় এনএআরএস প্রতিষ্ঠান কর্তৃক স্বাক্ষরিত MoU সমূহকে কার্যকরী করার জন্য স্ব স্ব প্রতিষ্ঠানের বরাদ্দকৃত বাজেট হতে থোক বরাদ্দ রাখতে হবে।

৩। ২০২৩-২৪ অর্থবছরে বিএআরআই কর্তৃক স্বাক্ষরিত ৫টি MoU, PARTNER প্রোগ্রামের আওতায় DLR 8.2 এর অধীনে বিএআরআই এর অর্জন হিসেবে দেখাতে হবে।

৪। MoU সমুহকে কার্যকরী করার জন্য এনএআরএস প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত MoU জয়েন্ট ওয়ার্কিং কমিটিতে বিএআরসি'র প্রতিনিধি রাখতে হবে।

**আলোচ্য বিষয় ৪। ২০২৫-২৬ অর্থবছরে ১০ (দশ) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য বিজ্ঞানী ও কর্মকর্তা মনোনয়ন।**

**৪.১ উপস্থাপিত তথ্যঃ**

জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) (চ.দা.), বিএআরসি, সভায় একটি উপস্থাপনা পেশ করেন। তিনি উপস্থাপনায় উল্লেখ করেন, কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ সময়ে এনএআরএসভুক্ত প্রতিষ্ঠানের কতজন বিজ্ঞানী ও কর্মকর্তা বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভূক্ত (এনএআরএস) প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৯ম ও ৬ষ্ঠ গ্রেডভূক্ত মোট ১,১২১ জন বিজ্ঞানী ও কর্মকর্তা বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি।

বুনিয়াদি প্রশিক্ষণের গুরুত্ব বিবেচনা করে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনাক্রমে চলতি ২০২৪-২৫ অর্থবছরে মোট ০৩টি ব্যাচে মোট ১২০ জন বিজ্ঞানী ও কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন হবে এবং আগামী ২০২৫-২৬ অর্থবছরে ৮ ব্যাচে ৩২০ জন বিজ্ঞানী ও ২ ব্যাচে ৮০ জন কর্মকর্তা অর্থ্যাৎ মোট ১০ ব্যাচে ৪০০ জন বিজ্ঞানী ও কর্মকর্তার জন্য বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

**বুনিয়াদি প্রশিক্ষণ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ক্যালেন্ডার ও রোড ম্যাপঃ**

আগামী ১৬ আগস্ট, ২০২৫ থেকে ১৩ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত একইসঙ্গে ২ ব্যাচে ৮০ জন এবং ১৬ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ১৫ জুন, ২০২৬ পর্যন্ত একইসঙ্গে ২ ব্যাচে ৮০ জনসহ ৪ ব্যাচে মোট ১৬০ জনকে NATA তে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের কর্ম-পরিকল্পনা সভায় প্রস্তাব করা হয়।

আগামী ০১ অক্টোবর, ২০২৫ থেকে ২৯ জানুয়ারি, ২০২৬ পর্যন্ত একইসঙ্গে ২ ব্যাচে ৮০ জনকে BARD এ, ১৭ ডিসেম্বর, ২০২৫ থেকে ১৫ এপ্রিল, ২০২৬ পর্যন্ত একইসঙ্গে ২ ব্যাচে ৮০ জনকে BIAM Foundation এ ও ১৮ জানুয়ারি, ২০২৬ থেকে ১৭ মে, ২০২৬ পর্যন্ত একইসঙ্গে ২ ব্যাচে ৮০ জনকে BIM এ বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়।

**৪.২ আলোচনাঃ**

উপস্থাপনা শেষে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

বিএআরসি'র নির্বাহী চেয়ারম্যান এবং কাউন্সিল নির্বাহী পরিষদের সভাপতি বলেন, এ বিষয়ে সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে, যে সকল বিজ্ঞানী/কর্মকর্তার ফাউন্ডেশন ট্রেনিং করা নাই, সে সকল বিজ্ঞানী/কর্মকর্তার প্রত্যেককেই ফাউন্ডেশন ট্রেনিং করতে হবে।

বন গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক বলেন তাদের বিজ্ঞানীদের ফাউন্ডেশন ট্রেনিং এর জন্য অন্য কোন সুযোগ নাই এনএআরএস সিস্টেমের ফাউন্ডেশন ট্রেনিং এর মাধ্যমেই তাদেরকে চাকরিতে স্থায়ী করা হয়। তিনি নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে তার তাদের প্রতিষ্ঠান থেকে অধিক সংখ্যক বিজ্ঞানী মনোনয়নের জন্য অনুরোধ জানান।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক বলেন ইতোমধ্যে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৭০ জন বিজ্ঞানী ছুটিতে আছেন। এই সময়ে ফাউন্ডেশন ট্রেনিং এর জন্য আরও ৩০ বিজ্ঞানীকে মনোনয়ন দেওয়া কঠিন। সেক্ষেত্রে অফ সিজনে (এপ্রিল-অক্টোবর) ট্রেনিং আয়োজন করলে সেটা তাদের জন্য ভালো হয়। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এ বিষয়ে একমত প্রকাশ করেন। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৩ সিদ্ধান্তঃ

(ক) আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে ১০(দশ) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণের ৫টি ব্যাচ ১ম অর্ধ বার্ষিকে (জুলাই-ডিসেম্বর) এবং অবশিষ্ট ৫টি ব্যাচ ২য় অর্ধ বার্ষিকে (জানুয়ারি-জুন) আয়োজন করা হবে;

(খ) আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে ১০ (দশ) ব্যাচের মধ্যে ০৮টি ব্যাচে শুধুমাত্র বিজ্ঞানী (প্রতি ব্যাচে ৪০ জন) ৩২০ জন ও ০২টি ব্যাচে ৮০ জন কর্মকর্তার (১ম ও ২য় অর্ধ বার্ষিকে অনুষ্ঠিতব্য) চার মাস মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণে অংশ গ্রহণের নিমিত্ত বিএআরসি কর্তৃক প্রতিষ্ঠান প্রধান বরাবর পত্র প্রেরণ করা হবে।

(গ) প্রতিষ্ঠানসমূহ ২০২৫-২৬ অর্থ বছরে ব্যাচ প্রতি বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়নের পরিকল্পনা প্রেরণ করবে।

আলোচ্য বিষয় **৫। ইনস্টিটিউট বহির্ভূত প্যানেল কর্তৃক তৈরীকৃত সুপারিশমালা উপস্থাপনা ও পর্যালোচনা।**

**৫.১ উপস্থাপিত তথ্যঃ**

বিএআরসি অ্যাক্ট ২০১২ অনুযায়ী ২০২০ সালে ইনস্টিটিউট বর্হিভূত বিশেষজ্ঞ প্যানেল গঠিত হয়। পরবর্তীতে ২০২১ সালের ডিসেম্বর হতে এই প্যানেলের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে প্যানেল ৬টি কৃষি গবেষণা প্রতিষ্ঠানের সদর দপ্তর পরিদর্শন করেছেন এবং সদর দপ্তরের বাইরের বিভাগ/কেন্দ্র/উপকেন্দ্রগুলো পরিদর্শনের কাজ চলমান রয়েছে।

সভাপতি মহোদয় ড. সুরাইয়া পারভীন, পরিচালক (টিটিএমইউ)'কে বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক প্রণয়নকৃত সুপারিশের সারসংক্ষেপ উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

ড. সুরাইয়া প্যানেল কর্তৃক প্রণয়নকৃত ইনস্টিটিউট ব্যবস্থাপনা বিষয়ক সুপারিশ তুলে ধরেন। তিনি ইনস্টিটিউটসমূহের Strategic plan, HRD. Unified Service Rule, গবেষণার মান, পরিবেশ এবং কৃষক কর্তৃক প্রযুক্তি গ্রহণের সুপারিশ সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করেন।

কৃষি মন্ত্রণালয়ের 'ক' তফসিলভুক্ত ৬টি কৃষি গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার মানোন্নয়নের জন্য বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক প্রণয়নকৃত সুপারিশের বিষয়সমূহ ছিলো নিম্নরুপঃ

**১। কৌশলগত পরিকল্পনা (Strategic Plan)**

**২। মানবসম্পদ উন্নয়ন (HRD)**

**৩। ইনস্টিটিউট সমূহের জন্য অভিন্ন চাকুরি কাঠামো (Unified Service Structure) এবং বিজ্ঞানীদের নিয়োগ ও পদোন্নতি**

**৪। ভৌত অবকাঠামো, গবেষণাগার এবং প্রধান কার্যালয়ের অন্যান্য সুবিধা ও ব্যবস্থাপনা**

**৫। গবেষণার মান**

৫.১। গবেষণার পরিবেশ

৫.২। বিজ্ঞানীদের পদোন্নতি (Unified Service Rule চালু না হওয়া পর্যন্ত)

**৬। কৃষক কর্তৃক প্রযুক্তি গ্রহণ**

**৭। ইনষ্টিটিউটসমূহের গবেষণা ব্যবস্থাপনা**

৭.১। গবেষণা পরকিল্পনা অগ্রাধিকার নির্ধারণ এবং গবেষণাযোগ্য বিষয়বস্তু নির্বাচন

৭.২। কাঠামোগত গবেষণা ব্যবস্থাপনা (structured research management)

**৮। গবেষণা পরিবীক্ষণ ও মূল্যায়ন ( মনিটরিং ও ইভাল্যুয়েশন)**

**৯। কৃষি অর্থনীতি ও নীতিকৌশলঃ আর্থ সামাজিক গবেষণা ও নীতিকৌশল (Policy)**

৫.২ আলোচনাঃ

এ বিষয়ে সভায় আলোচনার আহবানের প্রেক্ষিতে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট; বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক প্রণয়নকৃত সুপারিশসমূহ ইনস্টিটিউট এ প্রেরণ করার অনুরোধ জানান।

মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক, সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন তাদের প্রতিষ্ঠানের জন্য বিশেষজ্ঞ প্যানেল এর কোনো কার্যক্রম আছে কিনা?

বন গবেষণা ইনস্টিটিউটের পরিচালক বলেন, প্রতিটি প্রতিষ্ঠানের জার্নাল প্রকাশনাগুলো তাদের নিজস্ব ওয়বসাইটে দেয়া থাকলে দেশে বিদেশে সকলে জার্নালগুলোতে Access পাবে।

সভায় NARS এর 'ক' তফশিলভুক্ত প্রতিষ্ঠানের জন্য ইউনিফাইড সার্ভিস রুল এবং পেনশন চালুর প্রস্তাবের বিষয়ে আলোচনা হয়।

সভাপতি মহোদয় বলেন বর্তমান নির্বাহী পরিষদের সদস্যরা অনেকেই ইউনিফাইড সার্ভিস রুল বিষয়ে অবগত নয় । এ বিষয়ে একটি সভা আয়োজন করা যেতে পারে।

এছাড়া NARS এর সকল প্রতিষ্ঠানের পেনশন চালুর প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৫.৩ **সিদ্ধান্তঃ**

১) ইউনিফাইড সার্ভিস রুলের বিষয়ে বিএআরসি কর্তৃক একটি সভা আয়োজন করা হবে। সভায় সংশ্লিষ্ট এনএআরএস প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে আমন্ত্রণ জানানো হবে।

২) NARS এর সকল প্রতিষ্ঠানে পেনশন চালুর বিষয়ে বিএআরসি, কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে।

**আলোচ্য বিষয় ৬। বিএআরসি'র কর্মচারীদের জন্য ভাড়ার ভিত্তিতে সাময়িক আবাসিক জায়গা বরাদ্দ নীতিমালা অনুমোদন।**

৬.১ **উপস্থাপিত তথ্যঃ**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অধীনস্থ জমিতে ভাড়ার ভিত্তিতে সময়িক জায়গা বরাদ্দ নীতিমালা-২০২৪ এর খসড়া সভায় উপস্থাপন করা হয় ।

৬.২ **আলোচনাঃ**

উপস্থাপিত খসড়া নীতিমালা-২০২৪ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক বলেন, সরকারি জায়গা ব্যক্তি ভিত্তিক বরাদ্দ দেওয়া যায় কিনা?

বন গবেষণা ইনস্টিটিউটের পরিচালক বলেন তিনি এক সময়ে সহকারী কমিশনার (ভুমি) হিসেবে কর্মরত ছিলেন। তিনি বলেন সরকারি অনুমোদন ব্যতীত কোন প্রতিষ্ঠান নীতিমালা করতে পারেনা। তিনি বলেন, জায়গা বরাদ্দ না দিয়ে আবাসিক বাসা তৈরী করে ভাড়া দেয়া যায়।

মহাপরিচালক পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট বলেন জায়গা ভাড়া না দিয়ে সেখানে স্থাপনা করে বাসা ভাড়া দেওয়ার ব্যবস্থা করলে ভালো হয়। তিনিও এ নীতিমালা তৈরি করা যায় না বলে মত প্রকাশ করেন। এ বিষয়ে মহাপরিচালক পাট গবেষণা ইনস্টিটিউট ও নির্বাহী পরিচালক কটন ডেভেলপমেন্ট বোর্ড একমত প্রকাশ করেন।

৬.৩ **সিদ্ধান্তঃ**

১) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অধীনস্ত জমিতে ভাড়ার ভিত্তিতে সাময়িক জায়গা বরাদ্দ নীতিমালা-২০২৪ এর খসড়া সভায় অনুমোদন না করার সিদ্ধান্ত হয়।

২) পূর্বের ন্যায় প্রশাসনিক আদেশ এর মাধ্যমে মাটি বরাদ্দ দেয়া হবে।

**আলোচ্য বিষয় ৭। বিবিধ।**

**১) কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা।**

৭.১ **উপস্থাপিত তথ্যঃ**

মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বলেন, বর্তমান নীতিমালা অনুযায়ী হেক্টর প্রতি ২ জন শ্রমিক পর্যাপ্ত নয়। বিএআরসি'র উদ্যোগে কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা হালনাগাদ করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

৭.২ **আলোচনাঃ**

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৭.৩ **সিদ্ধান্তঃ**

কৃষি ফার্ম শ্রমিক নিয়োগের উপস্থাপিত বিষয়ে স্ব স্ব প্রতিষ্ঠান কৃষি মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুন নাহার করিম
২৮/৩/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ও
সভাপতি
নির্বাহী পরিষদ
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট

ঢাকা-১২১৫

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদের ৪০ তম সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের হাজিরা।

**তারিখঃ ০৬-০৩-২০২৫ খ্রিঃ।**

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্রঃ নং | সম্মানীত সদস্যগণের নাম, পদবী ও ঠিকানা | মোবাইল নাম্বার ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. নাজমুন নাহার করিম<br>নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি<br>ও সভাপতি, কাউন্সিল নির্বাহী পরিষদ | ০১৭১৫০১৬০৬৬<br>ec.barc@barc.gov.bd | নাজমুন নাহার করিম<br>৬/৩/২৫ |
| ২. | ড. মোহাম্মদ খালেকুজ্জামান<br>মহাপরিচালক, বিআরআরআই, গাজীপুর<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01715-752595<br>dg@brri.gov.bd | ৬/৩/2025 |
| ৩. | ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ<br>মহাপরিচালক, বিএআরআই, গাজীপুর<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01715000633<br>dg.bari@bari.gov.bd | |
| ৪. | ড. মোঃ আবুল কালাম আজাদ<br>মহাপরিচালক, বিআইএনএ, ময়মনসিংহ<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01710763003<br>dg@bina.gov.bd | |
| ৫. | ড. কবির উদ্দিন আহমেদ<br>মহাপরিচালক, বিএসআরআই, ঈশ্বরদী<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01771777993<br>kuahmed1970@gmail.com | 06/06/২৫ |
| ৬. | ড. নার্গীস আক্তার<br>মহাপরিচালক, বিজেআরআই, ঢাকা<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01552413112<br>dg@bjri.com.bd | ০৬/০৩/২৫ |
| ৭. | ড. সালাহ্উদ্দিন আহমেদ<br>মহাপরিচালক, বিডব্লিউএমআরআই, দিনাজপুর<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01715213768<br>dg.bwmri@gmail.com | |
| ৮. | ড. শাকিলা ফারুক<br>মহাপরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01712205223<br>shakila_blri@yahoo.com | |
| ৯. | ড. অনুরাধা ভদ্র<br>মহাপরিচালক, বিএফআরআই, ময়মনসিংহ<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01722319482<br>bhadra96@yahoo.com | |
| ১০. | ড. মো. ইসমাইল হোসেন<br>পরিচালক, বিটিআরআই, শ্রীমঙ্গল<br>ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01711-867485<br>directorbtri@gmail.com | |

| ক্র: নং | সম্মানীত সদস্যগণের নাম, পদবী ও ঠিকানা | মোবাইল নাম্বার ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | ড. একেএম শওকত আলম মজুমদার<br>পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট চট্টগ্রাম ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01711242675<br>showkat8182@gmail.com | ৬/৩/২৫ |
| ১২. | ড. বেগম সামিয়া সুলতানা<br>মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | — | |
| ১৩. | মোছা. নাছিমা খাতুন<br>পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | — | |
| ১৪. | ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, ফার্মগেট, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | ০১৭১১২২৭০৫৪<br>ed@cdb.gov.bd | ৬/৩/২৫ |
| ১৫. | অজিত কুমার চক্রবর্তী<br>সদস্য-পরিচালক (মৎস্য), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ। | 01552-353340 | 06.03.2025 |
| ১৬. | ড. মোঃ আবদুছ ছালাম<br>সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01552398504 | Salam<br>০৬/০৩/২০২৫ |
| ১৭. | ড. মোঃ বক্তীয়ার হোসেন<br>সদস্য-পরিচালক (এন.আর.এম), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01711201441<br>md.nrm@barc.gov.bd | 06.03.25 |
| ১৮. | ড. মোহাম্মদ রফিকুল ইসলাম<br>সদস্য-পরিচালক (পরিঃ ও মূল্যায়ন), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01716350628<br>r.islam@barc.gov.bd | ০৬/০৩/২৫ |
| ১৯. | সদস্য-পরিচালক (প্রাণিসম্পদ), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | — | |
| ২০. | ড. মোঃ মোশাররফ উদ্দিন মোল্লা<br>সদস্য পরিচালক (এইআরএস), বিএআরসি, ঢাকা ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01552434792 | ০৬/০৩/২০২৫ |
| ২১. | ড. নাথু রাম সরকার<br>নির্বাহী পরিচালক, কৃষি গবেষণা ফাউন্ডেশান, বিএআরসি ক্যাম্পাস,ফার্মগেট, ঢাকা, ও সদস্য, কাউন্সিল নির্বাহী পরিষদ | 01711-733119<br>— | ০৬/০৩/২০২৫ |
| ২২. | ড. মোঃ ছায়ফুল্লাহ<br>সদস্য-পরিচালক (প্রশাঃ ও অর্থ), বিএআরসি, ঢাকা, ও সদস্য-সচিব, কাউন্সিল নির্বাহী পরিষদ | — | |